

ঢাবির ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা কাল, প্রতি আসনে প্রতিযোগী ৩২ জন

ইলেক্ট্রনিক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৫ ডিসেম্বর ২০২৫, ১৯:৩২



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামীকাল শনিবার (৬ ডিসেম্বর)। সকাল ১১টা থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত দেড় ঘণ্টার এই পরীক্ষা গ্রহণ করা হবে।

 দেনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পাশাপাশি ঢাকার বাইরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় এবং রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়সহ মোট চারটি কেন্দ্রে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ব্যবসায় শিক্ষা ইউনিটের মোট ১ হাজার ৫০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৩৪ হাজার ৬২ জন ভর্তিচ্ছু। অর্থাৎ প্রতি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন প্রায় ৩২ জন করে পরীক্ষার্থী।

আসন বণ্টন অনুযায়ী ব্যবসায় শিক্ষা শাখা থেকে ৯৩০ জন, বিজ্ঞান শাখা থেকে ৯৫ জন এবং মানবিক শাখা থেকে ২৫ জন শিক্ষার্থী ভর্তি হওয়ার সুযোগ পাবেন।